

ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩

ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫৫১০৭৩

বাংলাদেশ পানি  উন্নয়ন বোর্ড

সচিবালয়

Phone: 88-02-9555133

Fax: 88-02-9551073

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৭ম খন্ড)/৩৯০


তারিখঃ ৩০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

“দ গু রা দে শ”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের অবসরভাতা এবং পারিবারিক অবসরভাতা মঞ্জুরির জন্য আবেদনপত্র যথাযথভাবে দাখিলের নিমিত্ত নিম্নে বর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:-

- (ক) “পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজকীকরণ, ২০০৯” অনুযায়ী পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ফরম, সনদ, কাগজপত্রাদি এবং সংযোজনীসহ সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক পেনশন ফরম পূরণ করত: সকল কাগজপত্র/তথ্যাদি যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- (খ) পেনশন ফরমে পেনশন ক্যালকুলেশন সঠিক হতে হবে।
- (গ) আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র প্রয়োজ্যমতে দপ্তর প্রধানের স্বাক্ষর/প্রতিস্বাক্ষর/সত্যায়ন থাকতে হবে।
- (ঘ) পূরণকৃত পেনশন ফরম ২(দুই) সেট দাখিল করতে হবে, ১(এক) সেট মূল কপি এবং ১(এক) সেট ফটোকপি।
- (ঙ) আবেদনপত্রে সংযুক্ত কাগজপত্র/তথ্যাদিসহ পেনশন ক্যালকুলেশনে কোন ভুল পরিলক্ষিত হলে এর দায় সুপারিশকারী হিসেবে সংশ্লিষ্ট দপ্তর প্রধানের ওপর বর্তাবে।

২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মো: মুজিবুর রহমান)
সচিব

বাপাউবো, ঢাকা।

পরিচিতি নং-৬৩০৪০১০০১

টেলিফোন ৯৫৫৫১৩৩

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৭ম খন্ড)/৩৯০(১০০)

তারিখঃ ৩০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/প্রকল্প পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ, হিসাব ও নিরীক্ষা) (সকল), -----
২. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল) -----
৩. চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪. নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক (সকল), -----
৫. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ----- আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, -----।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিচালনা)/সচিব, বাপাউবো, ঢাকা।
৮. অফিস কপি/মাষ্টার কপি।


(প্রদীপ কুমার বসাক)

সহকারী পরিচালক (প্রশাসন-২)

পরিচিতি নম্বর ৬৯১০২০০০১